দৈনিক ইত্তেফাক

তারিখ 11 JAN 1990
পৃষ্ঠা 2 কলাম 7

05

04

## প্রসংগ ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়

১৯২১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জন্ম। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম ক্যালেণ্ডারে দেখা যায় তদানীন্তন ভিসি পি, জে, হার্টগ নবাব নওয়াব আলী চৌধুরীকে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রধান ব্যক্তিত্ব বলিয়া অভিহিত করিয়াছেন। এ কথা এখন আর অজানার বিষয় নয় যে, ধনবাড়ী তথা টাঙ্গাইলের নবাব নওয়াব আলী চৌধুরী ঢাকা বিশ্ববিদ্যালয় স্থাপনে নবাব সলিমুল্লাহ্‌র মৃত্যুর পর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তিনি গরীব ছাত্রদের জন্য ১৬ হাজার টাকার একটি বৃত্তি প্রদান করেন। তিনি একে একে ৬টি সাব কমিটির সদস্য। ১৯১২ সনের প্রথম বিশ্ববিদ্যালয় কমিটির সদস্য এবং বিল্ডিং ও সাইট সিলেকশন কমিটিরও সদস্য ছিলেন। অথচ এই মহান কর্মী পুরুষের নামে এখন পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের কোন হলের নামকরণ করা হয় নাই। শুধু তাই নয়, নওয়াব আলী চৌধুরীর বৃত্তির কথা বিশ্ববিদ্যালয়ের প্রথম ক্যালেণ্ডারে এক নম্বরে অত্যন্ত সম্মানের সহিত প্রকাশ করা হয়। কিন্তু ১৯৮৯ ইং সনের 'ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস' স্মরণিকায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বৃত্তির যে তালিকা প্রদান করা হইয়াছে উহাতে নবাব নওয়াব আলী চৌধুরীর নাম চৌদ্দ নম্বরে প্রকাশ করা হইয়াছে এবং সেখানে তাঁহার নাম বিকৃত করা হইয়াছে। বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় যাঁহারা অগ্রণীভূমিকা পালন করিয়াছেন, তাঁহাদের প্রতি বিশ্ববিদ্যালয়ের এই আচরণ দুঃখজনক।

—আবু মোঃ মোতাহার, ধনবাড়ী, টাঙ্গাইল।